

## চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ৫০ তারিখঃ ২৩ আগস্ট ২০১৭ বুধবার

### চিকুনগুনিয়া সর্বশেষ পরিস্থিতি

- ল্যাবরেটরিতে আরটি-পিসিআর পরীক্ষায় গত ৯ এপ্রিল থেকে ২২ আগস্ট পর্যন্ত নিশ্চিত চিকুনগুনিয়া রোগীর সংখ্যা ৯৬২ জন
- ঢাকা শহরে অবস্থিত বিভিন্ন হাসপাতালে চিকিৎসা নেয়া সম্ভাব্য চিকুনগুনিয়া ও চিকুনগুনিয়া পরবর্তী আর্থ্রালজিয়া রোগীর সংখ্যা (১২.০৫.২০১৭ হতে ২৩.০৮.২০১৭ খ্রীঃ দুপুর ৩.০০ টা পর্যন্ত) ১১৮৫৪ জন।
- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে ২ ৩ আগস্ট সকাল ৯ টা পর্যন্ত পূর্ববর্তী ২৪ ঘন্টায় ১৯ জন কল করেছেন
  - এর মধ্যে সম্ভাব্য রোগী ১১ জন
  - পুরোনো রোগী ৭ জন
  - ১ জন ফোনকলকারী চিকুনগুনিয়া সম্পর্কিত বিভিন্ন তথ্য জানতে চেয়েছেন


### চিকুনগুনিয়া জনস্বাস্থ্য জরুরী কার্যক্রম কেন্দ্র

ঢাকা শহরে চিকুনগুনিয়া প্রাদুর্ভাব দেখা দিলে আইইডিসিআর গত ৩ জুলাই ২০১৭ হতে জনস্বাস্থ্য জরুরী কার্যক্রম কেন্দ্র (Public Health Emergency Operation Centre - PHEOC), চিকুনগুনিয়া নিয়ন্ত্রণ কক্ষ চালু করে। জরুরী কার্যক্রম কেন্দ্র চালু করার পর থেকে আইইডিসিআর চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার সমন্বয়ে সমন্বিত কার্যক্রম গ্রহণ করে। এর মধ্যে উল্লেখযোগ্য হল


- ৬ জুলাই ২০১৭ থেকে হটলাইন সেবা
  - ৯ এপ্রিল ২০১৭ হতে সন্দেহভাজন চিকুনগুনিয়া রোগীর রক্ত পরীক্ষার মাধ্যমে রোগ নিশ্চিতকরণ
  - গণমাধ্যম ও সাধারণ জনগণের চিকুনগুনিয়া সংক্রান্ত বিভিন্ন তথ্য জানানোর জন্য গত ৩ জুলাই হতে প্রতিদিন নিয়মিত চিকুনগুনিয়া নিউজলেটার প্রকাশ
- গত এপ্রিল হতে এপর্যন্ত রক্ত পরীক্ষার মাধ্যমে নিশ্চিত চিকুনগুনিয়া রোগীর সংখ্যা আগস্টে কমে যাচ্ছে বলে লক্ষ্য করা যায়। বিভিন্ন মাধ্যম হতে প্রাপ্ত তথ্য ও আইইডিসিআর এর কার্যক্রম পর্যালোচনা করে বর্তমানে চিকুনগুনিয়ার প্রকোপ কমে আসছে বলে প্রতীয়মান হয়।

সর্বশেষ পরিস্থিতি পর্যালোচনা করে আজ আইডিসিআর এ চিকুনগুনিয়া সংক্রান্ত জরুরী কার্যক্রম কেন্দ্রের পরবর্তী করণীয় নিয়ে এক সভা অনুষ্ঠিত। এই সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে;

- ইওসি কার্যক্রম বর্তমানে সাড়া পর্যায় হতে পরিবর্তিত হয়ে সতর্কতা পর্যায়ে তার কার্যক্রম চালিয়ে যাবে।
- সন্দেহভাজন চিকুনগুনিয়া রোগীদের রক্ত পরীক্ষার মাধ্যমে নিশ্চিতকরণ এখন থেকে সরকারী কাযদিবসে সকাল ৯ টা থেকে ৫ টা পর্যন্ত পরিচালিত হবে।
- এখন থেকে চিকুনগুনিয়া সংক্রান্ত যে কোন পরামর্শের জন্য ১৬২৬৩ নম্বরে কল করবার অনুরোধ করা হচ্ছে।
- সভা মনে করে, এখন থেকে প্রতিদিন বুলেটিন প্রকাশ করার প্রয়োজন নেই।



একইভাবে চিকুনগুনিয়া হটলাইনেও ফোন কলের সংখ্যা কমে যাচ্ছে।



স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।